রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, সেপ্টেম্বর ৩০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(সিটি কর্পোরেশন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ভাদ্র ১৪২৫/০৯ সেপ্টেম্বর ২০১৮

**নং ৪৬.০৭০.০৫৪.০০.০০.০৭২.১১(অংশ-১).১১৩৫**—ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার নিমিত্ত নিম্নবর্ণিতভাবে একটি সমন্বয় কমিটি গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| ১। | মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | আহ্বায়ক |
| ২। | প্যানেল মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | - | যুগ্ম-আহ্বায়ক |
| ৩। | চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) | - | সদস্য |
| ৪। | চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন | - | সদস্য |
| ৫। | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | সদস্য |
| ৬। | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ | - | সদস্য |
| ৭। | ড. এস. এম. সালেহ উদ্দিন, গণপরিবহন বিশেষজ্ঞ | | সদস্য |
| ৮। | মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি | - | সদস্য |
| ৯। | সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন | - | সদস্য |
| ১০। | নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ | - | সদস্য-সচিব |



**মূল্য :** টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি :**

(ক) ঢাকা মহানগরীর যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রয়াত মেয়র জনাব আনিসুল হক কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ বিবেচনায় নিয়ে এতদ্‌সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয় করা;

(খ) সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনার মাধ্যমে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনার পদ্ধতি প্রবর্তন করা;

(গ) Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের রোড ম্যাপসহ সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করা;

(ঘ) বর্ণিত বিষয়ের সাথে সম্পৃক্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা;

(ঙ) কমিটির কার্যক্রমের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিতভাবে অবহিত করা;

(চ) উক্ত কমিটি এর ওপর অর্পিত দায়িত্ব বাস্তবায়ন, তদারকি ও সমন্বয়ের ক্ষেত্রে যে কাউকে কো-অপ্ট করতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd